

স্মারক নং-সিকুবি/ভিসি. সচি./বিবিধ-৫২/৫৪


তারিখ: ২১-০৯-২০২৫

শোকবার্তা

আমরা গভীর শোক ও দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ রোগতত্ত্ব ও বীজ বিজ্ঞান বিভাগের সম্মাননীয় অধ্যাপক, ড. আবদুল মুকিত অদ্য সকাল ০৮:৩০ ঘটিকায় ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল, সিলেটে ইন্তেকাল করেছেন (ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন)।

প্রফেসর ড. আবদুল মুকিত একজন সৎ, নিষ্ঠাবান, পরিশ্রমী ও গবেষণামুখী শিক্ষক ছিলেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও প্রশাসনিক কর্মকাণ্ডে তাঁর অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। তাঁর আকস্মিক প্রয়াণে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় পরিবার এক গুণী ও মেধাবী শিক্ষাবিদ ও গবেষককে হারিয়েছে, যা সহজে পূরণ হওয়ার নয়।

আমরা মহান আল্লাহর দরবারে প্রার্থনা করি—আল্লাহ যেন মরহমের বিদেহী আত্মাকে ক্ষমা ও শান্তি দান করেন, তাঁকে জান্নাতুল ফেরদৌসের উচ্চতম স্থানে আসীন করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারবর্গকে এই অপূরণীয় শোক সহ্য করার শক্তি দান করেন। **আমিন।**



(প্রফেসর ড. মোঃ আলিমুল ইসলাম)
ভাইস-চ্যান্সেলর
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।